| ক্রমিক নং | কার্যক্রম | কর্ম সম্পাদনসূচকসমূহ | বিবরণ |
|---|---|---|---|
| 1. | কৃত্রিম প্রজনন সম্প্রসারণ | প্রজননের সংখ্যা | গবাদিপশুর জাত উন্নয়ণে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যক। মান্দা উপজেলার সকল কৃত্রিম প্রজনন উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে অভিজ্ঞ মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। |
| 2. | সংকর জাতের গবাদিপশুর বাছুর উৎপাদন | উৎপাদিত বাছুরের তথ্য সংগ্রহ | দেশব্যাপী কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্টের মাধ্যমে পরিচালিত এ.আই কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাছুর খামারী ও পারিবারিক পর্যায়ে পালন করা হয়ে থাকে এবং মাঠ পর্যায়ে বাছুরগুলোর তথ্য সংরক্ষণ করা হয় ও পরবর্তীতে প্রজনন কাজে ব্যবহার করা হয়। |
| 3. | টিকা প্রদান সম্প্রসারণ | টিকা প্রয়োগকৃত পশু-পাখি | গবাদিপশু-পাখির রোগ-প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে টীকা প্রদান করা হয়ে থাকে। উপসহকারী প্রাণিসম্পদ অফিসার এবং অন্যান্য মাঠ কর্মী মাঠ পর্যায়ে টীকা প্রদান করে থাকে। |
| 4. | গবাদিপশুর চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত পশু | দেশের প্রতিটি উপজেলা, জেলা পশু হাসপাতাল এবং কেন্দ্রীয় পশু হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারি সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। |
| 5. | হাঁস মুরগির চিকিৎসা প্রদান | চিকিৎসাকৃত হাঁস মুরগি | দেশের প্রতিটি উপজেলা, জেলা পশু হাসপাতাল এবং কেন্দ্রীয় পশু হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারী সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত হাঁস মুরগির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। |
| 6. | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ | প্রেরিত নমুনা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নিয়মিত বিভিন্ন রোগের নমুনা সংগ্রহ করে নিকটস্ত এফডিআইএল এ প্রেরণ করা হয়। |
| 7. | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিল্যান্স | সার্ভিল্যান্সকৃত রোগ সংক্রমনের সংখ্যা | উপজেলা পর্যায় থেকে গবাদিপশু-পাখির বিভিন্ন রোগ সংক্রমণ হয়ে থাকে যা নিয়মিত তদারকি করা হয় এবং সে অনুযায়ী রোগ নিয়ন্ত্রণ কার্য়ক্রম গ্রহণ করা হয়। |
| 8. | প্রশিক্ষণের মাধ্যমে খামারীর দক্ষতা বৃদ্ধিকরণ | প্রশিক্ষণপ্রাপ্ত খামারী | মাঠ পর্যায়ের খামারীদের গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। |
| 9. | গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকের আয়োজন | আয়োজিত উঠান বৈঠক | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশুর খামার প্রতিষ্ঠায় সাধারন উদ্যোক্তাগণকে উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে। |
| 10. | গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধিতে উঠান বৈঠকে অংশ গ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ | উঠান বৈঠকে অংশগ্রহণকারী | মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী পোল্ট্রি খামার প্রতিষ্ঠায় কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করার উদ্দেশ্যে উঠান বৈঠকে অংশগ্রহণ করার জন্য খামারী ও সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করে থাকেন। |
| 11. | ঘাস চাষ সম্প্রসারণ | ঘাস চাষকৃত জমি | ফডার এক প্রকারের সবুজ ঘাস যা গবাদিপশুর প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ করে। নেপিয়ার, পারা, জার্মান উন্নত জাতের ঘাস। প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনে সরকারি দুগ্ধ খামার, বিভিন্ন জেলা, উপজেলা দপ্তরে এবং খামারীর জায়গায় ঘাসের নার্সারী ও প্রদর্শনী প্লট স্থাপন করা হয়ে থাকে। |
| 12. | পশুখাদ্য আইন বাস্তবায়নে খামার/ফিডমিল/ হ্যাচারি পরিদর্শন | পরিদর্শনকৃত খামার/ ফিড মিল/ হ্যাচারি | বিভিন্ন খামার, ফিড মিল এবং হ্যাচারিসমূহের রেজিস্ট্রেশন, লাইসেন্স নবায়ন, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালার সফল বাস্তবায়ন, খামারের বায়োসিকিওরিটি ও সার্বিক গুণগত মান রক্ষা এবং প্রাণিজাত নিরাপদ খাদ্য নিশ্চিত করার স্বার্থে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হয়। |